২৮

দৈনিক
ইনকিলাব

তারিখ SEP. ০৪ 2006
পৃষ্ঠা ১ কলাম ৫

# ৩৮৮ কলেজের সবাই পাস

স্টাফ রিপোর্টার

চলতি বছরে অনুষ্ঠিত এইচএসসি, এইচএসসি ভোকেশনাল ও আলিম পরীক্ষায় ৩৮৮টি কলেজ ও মাদ্রাসার সবাই পাস করেছে। অর্থাৎ ৩৮৮ কলেজের পাসের হার ১০০। এর মধ্যে ৩১৪টিই মাদ্রাসা। কারিগরি বোর্ডের ২৫টি কলেজে পাসের হার একশতে একশ। ১১-এর পৃঃ ১-এর কঃ দেখুন

## ৩৮৮ কলেজের

প্রথম পৃষ্ঠার পর

এছাড়া ঢাকা বোর্ডে ২২টি, রাজশাহী বোর্ডে ১১টি, কুমিল্লা বোর্ডে ৪টি, সিলেট বোর্ডে ৫টি, বরিশাল ও চট্টগ্রাম বোর্ডে ৩টি করে এবং যশোর বোর্ডের একটি কলেজে শতভাগ পরীক্ষার্থী পাস করেছে। হিসাব থেকে দেখা যায়, এবারে ৯ বোর্ডের অধীনে ৬ হাজার ৯২০টি কলেজ-মাদ্রাসার পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নেয়। এর মধ্যে ৫ থেকে ১০% পরীক্ষার্থী পাস করেছে ১৯টি প্রতিষ্ঠানের। ১০ থেকে ২০% পাস করেছে ১১০টির, ২০ থেকে ৫০% পাস করেছে ১ হাজার ৪৮০টির এবং ৫০ থেকে ১০০% পাস করেছে ৪ হাজার ৮৩৬টি কলেজ-মাদ্রাসার পরীক্ষার্থী।